

Office of the Director

BUREAU OF RESEARCH, TESTING & CONSULTATION (BRTC)
Bangladesh University of Engineering and Technology
Dhaka-1000, Bangladesh



পরিচালক-এর কার্যালয়
ব্যুরো অব রিসার্চ, টেস্টিং এ্যান্ড
কনসালটেশন (বিআরটিসি)
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০




Tel: 9664386 PABX: 55167100, 55167228-57, Ext. 7266/7635, Fax: (8802) 58613046, 9665622

তারিখঃ ডিসেম্বর ১৪, ২০১৯ইং

বিজ্ঞপ্তি (আয়কর সংক্রান্ত)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সম্মানিত কর-দাতাদের নামে আয়কর অফিস হতে ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস স্বাক্ষরিত "আয়কর পরিগণনা ভুল হওয়ায় কর পরিশোধ কম হয়েছে" মর্মে পত্র আসছে। উক্ত পত্রে বিআরটিসি অফিস হতে যে আয়কর কর্তন করা হয়েছে এবং পার্টি বিআরটিসি অফিসের হয়ে যে আয়কর কর্তন করেছে (পার্টি ট্যাক্স) তা পরিগণনায় নেইনি। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে (পত্র প্রাপ্তি সাপেক্ষে) পত্রে উল্লেখিত পরিশোধযোগ্য আয়কর বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বিআরটিসি কর্তৃক পরিশোধ করা হয়েছে মর্মে উল্লেখ করে পত্রের জবাব নির্ধারিত সময়ের মধ্যে দেয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে (এসংক্রান্ত ১টি নমুনা পত্র এতদসঙ্গে সংযুক্ত করা হল)। এ ব্যাপারে বিআরটিসি অফিস জাতীয় রাজস্ব বোর্ডের সাথে আলোচনা করে স্বল্পতম সময়ে সমাধানের জন্য উদ্যোগ চালিয়ে যাচ্ছে। এব্যাপারে সকলের একান্ত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,


(ডঃ মোঃ সামছুল হক)
পরিচালক, বিআরটিসি,
বুয়েট, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

সকল ডীন মহোদয়, বাঃ প্রঃ বিঃ, ঢাকা

সকল বিভাগীয় প্রধান/সকল ইন্সটিটিউট-এর পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

পিএস টু ভিসি (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য)

পরিচালক, আইআইসিটি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে সকলকে বিতরণের অনুরোধসহ)

Enail

(সহায়ক নমুনা পত্র)

তারিখঃ *****

উপ-কর কমিশনার
সার্কেল-২২৫, কর অঞ্চল-১১
ঢাকা।

বিষয় : "২০১৮-২০১৯ কর বছরের আয়কর এর পরিগণনা ভুল প্রসঙ্গে"।
সূত্র : (পত্রে যদি উল্লেখ থাকে)

জনাব,

আপনার ***** ডিসেম্বর ২০১৯ তারিখে প্রেরিত চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, আমার গত ২০১৮-২০১৯ কর অর্থ বছরের আয়কর পরিগণনা ভুল হওয়ায় কর পরিশোধ কম হয়েছে। অত্যন্ত বিনীত ভাবে জানাচ্ছি যে, বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বিআরটিসি ও সেবাহ্রহীতা কর্তৃক আমার আয়কর উৎসে যথাক্রমে মোট***** টাকা এবং *****টাকা পরিশোধ করা হয়েছে (সংযুক্তি-১)। এখানে উল্লেখ্য যে, বিআরটিসি এবং সেবাহ্রহীতা কর্তৃক উৎসে কর্তিত আয়কর একান্তভাবে আমার ব্যক্তিগত আয়ের আয়কর যা কোনভাবেই বিআরটিসি-এর আয়কর না। তাই উৎসে পরিশোধিত এই আয়কর গণনায় নিলে ২০১৮-১৯ কর অর্থবছরে আমার আয়কর পরিগণনায় কোন ভুল নেই এবং দাখিলকৃত আয়কর রিটার্ন (সংযুক্তি-২) এ আয়কর যথাযথভাবে গণনা করা হয়েছে বলে মনে করি। উল্লেখ্য, এই প্রক্রিয়াই আমি সবসময় আয়কর রিটার্ন দাখিল করে আসছি। আশা করি এই লিখিত বক্তব্যের পরে আমার আয়কর রিটার্ন সম্পর্কে আপনার কোন আপত্তি থাকবে না।

ধন্যবাদান্তে

প্রেরকের নাম :*****

পদবী :*****

বিভাগ :*****

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

টিআইএন নং:*****

সংযুক্তি-১ঃ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত আয়কর বিবরণী

সংযুক্তি-২ঃ ২০১৮-২০১৯ কর অর্থবছরের করদাতার আয় বিবরণী।